163

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 10 1999
পৃষ্ঠা: ৭ কলাম ৭

# তেজগাঁও কলেজের অধ্যক্ষ নিয়োগ প্রশ্নে কারণ দর্শানোর নির্দেশ

তেজগাঁও কলেজের অধ্যক্ষ পদে আব্দুর রশিদকে প্রদত্ত নিয়োগাদেশ এবং জাতীয় বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট কর্তৃক প্রদত্ত অনুমোদনকে কেন অবৈধ ও আইনগত ক্ষমতা বহির্ভূত বলিয়া ঘোষণা করা হইবে না। আগামী ৬ সপ্তাহের মধ্যে উহার কারণ দর্শানোর জন্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর, কলেজ পরিচালনা পরিষদের চেয়ারম্যান, ডাঃ এইচ,বি,এম ইকবাল এমপি, ও আবদুর রশিদের সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ-এর উপর রুল নিশি জারি করিয়াছেন। তেজগাঁও কলেজের উপাধ্যক্ষ মোঃ হারুনুর রশীদ পাঠান কর্তৃক দায়েরকৃত একটি রীট পিটিশনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি কে, এম হাসান ও বিচারপতি মোঃ আব্দুল কুদ্দুসের সমন্বয় গঠিত হাইকোর্ট বিভাগের একটি ডিভিশন বেঞ্চ গত সোমবার এ আদেশ প্রদান করেন। বিশিষ্ট আইনজীবী খন্দকার মাহবুব উদ্দিন আহমাদ আবেদনকারীর পক্ষে মামলা পরিচালনা করেন। তাঁহাকে সহায়তা করেন এডভোকেট হুমায়ুন কবির বুলবুল।

—প্রেস বিজ্ঞপ্তি